

এক নজরে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগাধীন সমবায় অধিদপ্তরের উপজেলা পর্যায়ের একটি অফিস। এ অফিসের অধীনে আত্রাই উপজেলায় নিবন্ধিত মোট সমবায় সমিতির সংখ্যা ১৭০ টি। নিবন্ধিত এসব সমবায় সমিতিতে প্রায় ৮৩২৫ জন সদস্য রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের পরিসংখ্যান অনুযায়ী নিবন্ধিত এসব সমবায় সমিতির শেয়ার মূলধন ৭৩০.০০০ লক্ষ টাকা, সঞ্চয় ১৮৬২৯৬৩২ টাকা ও কার্যকরী মূলধনের পরিমাণ ৩০০.০০০ কোটি টাকা। সমবায়ের মাধ্যমে এ উপজেলায় ৮৫০ জনের কর্মসংস্থান হয়েছে। নিবন্ধিত এসব সমবায় সমিতি থেকে ২০২১-২০২২ অর্থ বছরে অডিট ফি বাবদ ৪৭,৭১০ টাকা রাজস্ব আদায় করা হয়েছে। পাশাপাশি সমবায়ীদের প্রশিক্ষণ কর্মসূচিতে অর্থায়নের লক্ষ্যে সমবায় উন্নয়ন তহবিলে ১৬,৪৬১ টাকা আদায় করা হয়েছে। বিগত অর্থ বছরে এ উপজেলা হতে ৫০ জন সবমায়ীকে ভ্রাম্যমাণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ গ্রহণ করে সমবায়ীরা আয়বর্ধনমূলক কাজে সম্পৃক্ত হয়েছে এবং সফলতা বৃদ্ধি পাচ্ছে।